



## মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজী

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

### দরপত্র বিজ্ঞপ্তি

১। অত্র প্রতিষ্ঠানের জন্য ২০২৩-২০২৪ অর্থ বৎসরে নিম্নে উল্লেখিত দ্রব্য সামগ্রী ক্রয় করা হইবে। এ লক্ষে প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার/ব্যবসায়ী/কোম্পানীর নিকট হইতে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাইতেছেঃ

ক্রমিক নং	দ্রব্যের বর্ণনা	লটের সংখ্যা	দরপত্রের দাম
১।	স্টেশনারী দ্রব্য সামগ্রী গ্রুপ-১	১০৩ লাইন আইটেম	টাকা=১০০০.০০
২।	কম্পিউটার দ্রব্য সামগ্রী গ্রুপ-২	৪৮ লাইন আইটেম	টাকা=১০০০.০০
৩।	ইলেকট্রিক দ্রব্য সামগ্রী গ্রুপ-৩	৫৯ লাইন আইটেম	টাকা=১০০০.০০
৪।	স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ সামগ্রী গ্রুপ-৪	৪০ লাইন আইটেম	টাকা=৫০০.০০
৫।	ব্যবহার্য দ্রব্য সামগ্রী গ্রুপ-৫	২০ লাইন আইটেম	টাকা=৫০০.০০
৬।	পরিষ্কার পরিচ্ছন্নতা দ্রব্য সামগ্রী গ্রুপ-৬	২৮ লাইন আইটেম	টাকা=৫০০.০০

২। দরপত্র তফসিল আগামী ২৪ জুলাই ২০২৩ হইতে ১০ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (০৯০০-১৪০০ ঘটিকা) পর্যন্ত মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজী (প্রশাসনিক শাখা, প্রকিউরমেন্ট সেকশন), মিরপুর সেনানিবাস হইতে কমান্ড্যান্ট, এমআইএসটি বরাবর লিখিতভাবে আবেদন করিয়া উপরে উল্লেখিত টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) সংগ্রহ করা যাইবে।

৩। দরদাতাকে অবশ্যই হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট সার্টিফিকেট, আইটি সার্টিফিকেট সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অনুরূপ কাজের ন্যূনতম তিন বছরের অভিজ্ঞতা সনদপত্র, সশস্ত্র বাহিনীতে তালিকাভুক্ত (যদি থাকে) সত্যায়িত কপি এবং কোডকৃত টাকার ন্যূনতম ৮০% সংশ্লিষ্ট ব্যাংকে জমা আছেমর্মে সংশ্লিষ্ট ব্যাংক হতে গৃহিত ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এর মূল কপি দরপত্র জমা দেয়ার সময় সংযুক্ত করিতে হইবে। উল্লেখ্য যে, সশস্ত্র বাহিনীতে তালিকাভুক্ত এবং বর্ণিত দ্রব্য সামগ্রী পূর্বে সামরিক বাহিনীতে সরবরাহ করিয়াছেন এমন সরবরাহকারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৪। দরপত্র তফসিলের সহিত স্টেশনারী দ্রব্য সামগ্রীর জন্য ১,০০,০০০.০০ (এক লক্ষ), কম্পিউটার দ্রব্য সামগ্রীর জন্য ১,০০,০০০.০০ (এক লক্ষ), ইলেকট্রিক দ্রব্য সামগ্রীর জন্য ১,০০,০০০.০০ (এক লক্ষ), স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ সামগ্রীর জন্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার), ব্যবহার্য দ্রব্য সামগ্রীর জন্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) এবং পরিষ্কার পরিচ্ছন্নতা দ্রব্য সামগ্রীর জন্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) নির্ধারিত হারে আর্নেস্টম্যানি, "কমান্ড্যান্ট, মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজী, মিরপুর সেনানিবাস" এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হইতে পে-অর্ডারসহ সীলমোহরযুক্ত খামে দরপত্রের সাথে জমা করিতে হইবে।

৫। দরপত্র আগামী ১৩ আগস্ট ২০২৩ তারিখ ১২০০ ঘটিকার মধ্যে জিএসও-২ (প্রকিউরমেন্ট) অফিস কক্ষের সামনে রক্ষিত টেন্ডার বাজে জমা করিতে হইবে। একই দিনে দরদাতা বা তাহাদের প্রতিনিধি (যদি কেহ উপস্থিত থাকেন) এর উপস্থিতিতে বেলা ১২৩০ ঘটিকায় জমাকৃত দরপত্র খোলা হইবে।

৬। কোন টেলিফোন/ফ্যাক্সের মাধ্যমে দরপত্র গ্রহন করা হইবে না।

৭। দরপত্র মূল্যায়ণ কমিটি কর্তৃক দরপত্র এবং অন্যান্য কাগজপত্র যাচাই বাছাই করিয়া যে সকল দরদাতা গ্রহনযোগ্য বিবেচিত হইবেন, সে সকল দরদাতাকে একটি তারিখ নির্ধারন করিয়া প্রত্যেকটি আইটেমের নমুনা দেখানোর জন্য বলা হইবে। টেন্ডার মূল্যায়ন কমিটি কর্তৃক নমুনা যাচাই বাছাই করা হইবে।

৮। কর্তৃপক্ষ যে কোন দরপত্র বা সকল দরপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ, বাতিল বা আংশিক বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন। দরপত্র তফসিলে বর্ণিত শর্তাবলী অনুযায়ী দরপত্র দাখিল ও পরবর্তীতে সকল শর্তাবলী মানিয়া চলিতে হইবে।

ভারপ্রাপ্ত পরিচালক প্রশাসন

মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজী

মিরপুর সেনানিবাস